# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৫৬

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক সাহারীকে বরকতময় প্রাতের খাবার হিসেব অভিহিতকরণ প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ تَسْمِيَةِ الْمُصْطَفَى صلى الله عليه وسلم السَّحُورَ الْغَدَاءِ الْمُبَارَكِ

আরবী

3456 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا الْقَوَارِيرِيُّ قَالَ: حَدَّثَنَا ابْنُ مَهْدِيٍّ قَالَ: أَخْبَرَنِي مُعَاوِيَةُ بْنُ صَالِحٍ عَنْ يُونُسَ بْنِ سَيْفٍ عَنِ الْحَارِثِ بْنِ زِيَادٍ عَنْ أَبِي رُهْمٍ: عَنِ الْعِرْبَاضِ بْنِ سَارِيَةَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم وَهُوَ يَدْعُو إِلَى السَّحُورِ فِي شَهْرِ رَمَضَانَ فَقَالَ: (هَلُمُّوا إِلَى الْغَدَاءِ الْمُبَارَكِ)

الراوي : الْعِرْبَاض بْن سَارِيَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3456 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (2030).

বাংলা

৩৪৫৬. ইরবায বিন সারিআহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে রমযান মাসে সাহারী খাওয়ার জন্য ডাকতে শুনেছি। তিনি বলেছেন, “তোমরা বরকতময় প্রাতের খাবারের জন্য আসো।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/১২৭; সহীহ ইবনু খুযাইমাহ: ১৯৩৮; সুনান বাইহাকী: ৪/২৩৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৯; আবূ দাঊদ: ২৩৪৪; বাযযার: ৯৭৭; তাবারানী: ১৮/৬২৮।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২০৩০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ইরবায ইবনু সারিয়াহ্ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92790

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন